

# Exchange of list of prisoners between India and Pakistan

July 01, 2020

---

ভারত এবং পাকিস্তানের মধ্যে বন্দীদের তালিকার আদান প্রদান।

জুলাই 01, 2020

ভারত এবং পাকিস্তান আজ কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে একইসাথে নিউ দিল্লি এবং ইসলামাবাদে তাদের জেল হেফাজতে থাকা নাগরিক বন্দী এবং মৎস্যজীবীদের তালিকা বিনিময় করেছে। 2008 সালের চুক্তি অনুসারে এই বন্দোবস্ত অনুযায়ী প্রতিবছর 1 লা জানুয়ারী এবং 1 লা জুলাই এইধরনের তালিকা বিনিময় করা হয়ে থাকে।

ভারতের জেল হেফাজতে থাকা 265 জন পাকিস্তান নাগরিক বন্দী এবং 97 জন মৎস্যজীবীর তালিকা ভারত পাকিস্তানের হাতে তুলে দিয়েছে। একইভাবে, পাকিস্তান তাদের জেল হেফাজতে থাকা 54 জন নাগরিক বন্দী এবং 270 জন মৎস্যজীবীর নামের তালিকা বিনিময় করেছে , যারা হয় ভারতীয় অথবা যাদেরকে ভারতীয় মনে করা হয়ে থাকে।

ভারত সরকার পাকিস্তানের জেল থেকে নাগরিক বন্দী, নিখোঁজ সামরিক ব্যক্তি এবং নৌকো সহ মৎস্যজীবীদের দ্রুত মুক্তি দেওয়া ও প্রত্যর্পন করার কথা বলেছে। এই প্রেক্ষিতে, পাকিস্তানকে 7 জন ভারতীয় নাগরিক বন্দী এবং 106 জন মৎস্যজীবীদের মুক্তি এবং প্রত্যর্পনের কাজটি দ্রুততার সাথে করতে বলা হয়েছে, এদের ভারতীয় নাগরিকত্ব সুনিশ্চিত করা হয়েছে এবং সেটি পাকিস্তানকে জানিয়ে দেওয়া হয়েছে। এর অতিরিক্ত, পাকিস্তান কে, পাকিস্তান জেল হেফাজতে থাকা ভারতীয় মৎস্যজীবী এবং ভারতীয় নাগরিক বলে গণ্য করা 18 জন বন্দীকে তাৎক্ষণিক কনসুলার অ্যাকসেস প্রদান করার কথাও বলা হয়েছে।

সরকার পাকিস্তানকে এও জানিয়েছে যে, তারা যেন চিকিৎসা বিশেষজ্ঞদের দলের সদস্যদের ভিসা প্রদান করার কাজটি স্বরাশ্রিত করে এবং বিভিন্ন পাকিস্তানি জেল

হেফাজতে থাকা ভারতীয় হিসেবে গণ্য করা বন্দীদের মানসিক অবস্থা পরীক্ষা করার জন্য সেদেশে তাদের যাত্রার সুবিধা প্রদান করে। ভারত সরকার পাকিস্তানকে এও জানিয়েছে যে, তারা যেন পাকিস্তানে সংযুক্ত ন্যায় কমিটির প্রারম্ভিক যাত্রার আয়োজন করে এবং ভারতীয় মৎস্যজীবীদের নৌকো মুক্তি এবং প্রত্যর্পনের সঙ্গে যুক্ত একটি চার সদস্যের দলকে দ্রুত করাচী যাত্রার বন্দোবস্ত করে।

ভারত সকল মানবিক বিষয় উল্লেখ করাকে অগ্রগণ্যতা দেবার জন্য নিবেদিত যা কিনা উভয় দেশের জেল হেফাজতে থাকা বন্দী এবং মৎস্যজীবীদের সাথে সম্বন্ধযুক্ত। এই প্রেক্ষিতে ভারত পাকিস্তানকে অনুরোধ করেছে যে তারা যান তাদের তরফ থেকে মৎস্যজীবীসহ ৪৪ জন পাকিস্তানি বন্দীদের নাগরিকত্ব সুনিশ্চিত করার প্রয়োজনীয় কাজকে ত্বরান্বিত করে, যাদের প্রত্যর্পণ আটকে রয়েছে পাকিস্তান কর্তৃক নাগরিকত্ব প্রমাণের অভাবে।

নিউ দিল্লি

জুলাই 01, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.